

# একটি স্কুলে এনরোল করা প্রয়োজন?

আপনার জন্য আমাদের একটি আসন আছে!



## আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম

3-K এবং প্রি-K

### যোগ্যতা

- ☐ যে ক্যালেন্ডার বছরে শিক্ষার্থীরা তিন বছর বয়সী হয়, তখন তারা 3-K-তে নথিভুক্ত বা এনরোল হতে পারে।
- ☐ যে ক্যালেন্ডার বছরে শিক্ষার্থীরা চার বছর বয়সী হয়, তখন তারা প্রি-K-তে নথিভুক্ত বা এনরোল হতে পারে।
- ☐ কিছু 3-K এবং প্রি-K প্রোগ্রাম পরিবারের আয় ও চাহিদার ভিত্তিতে শিক্ষার্থীদের সারা বছর দৈনিক 10 ঘণ্টা পর্যন্ত যত্ন ও শিক্ষা প্রদান করে।

### কীভাবে নথিভুক্ত বা এনরোল হবেন

- 3-K এবং প্রি-K ডিরেক্টরিতে বিভিন্ন অপশন অনলাইনে অন্বেষণ করতে পরিবারেরা [MySchools.nyc](https://www.schools.nyc.gov) দেখতে পারেন।
- প্রতিটি ডিরেক্টরিতে কোন স্কুলগুলোতে আসন খালি থাকতে পারে তা দেখতে "Need a seat for this school year?" (এই শিক্ষা বছরের জন্য একটি আসন প্রয়োজন?) ফিল্টারটি ব্যবহার করুন।
- আপনার বাড়ির কাছের স্কুলগুলো দেখতে আপনার ঠিকানা দিতে ভুলবেন না।
- আসন লভ্যতা নিশ্চিত করতে ও নথিভুক্ত বা এনরোল হতে সরাসরি স্কুলগুলোর সাথে যোগাযোগ করুন।
- আরও জানতে [schools.nyc.gov/3K](https://schools.nyc.gov/3K) অথবা [schools.nyc.gov/PreK](https://schools.nyc.gov/PreK) দেখুন।



## এলিমেন্টারি স্কুল থেকে মিডল স্কুল

K-8 গ্রেড

### যোগ্যতা

- ☐ যে ক্যালেন্ডার বছরে শিক্ষার্থীরা পাঁচ বছর বয়সী হয়, তখন তারা কিন্ডারগার্টেনে নথিভুক্ত বা এনরোল হতে পারে।
- ☐ যে ক্যালেন্ডার বছরে শিক্ষার্থীরা ছয় বছর বয়সী হয়, তখন তারা প্রথম গ্রেডে নথিভুক্ত বা এনরোল হতে পারে।
- ☐ যেসব শিক্ষার্থীর 2 থেকে 8 গ্রেডে নথিভুক্ত বা এনরোল হওয়া প্রয়োজন।

### কীভাবে নথিভুক্ত বা এনরোল হবেন

- আপনার একটি জোনভুক্ত স্কুল আছে কিনা তা জানতে [schoolsearch.schools.nyc](https://schoolsearch.schools.nyc.gov) দেখুন এবং আপনার ঠিকানা দিন, অথবা 311 নম্বরে ফোন করুন।
- একটি জোনভুক্ত স্কুল আছে কি? ঐ স্কুলের সাথে সরাসরি এনরোল করুন; কীভাবে ও কখন করবেন তা জানতে তাদের সাথে যোগাযোগ বা পরিদর্শন করুন।
- একটি জোনভুক্ত স্কুল নেই? স্কুলগুলোর সাথে সরাসরি যোগাযোগ করুন অথবা একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (FWC) পরিদর্শন করুন। আরও জানতে [schools.nyc.gov/Offices/FWC](https://schools.nyc.gov/Offices/FWC) দেখুন।



## হাই স্কুল 9-12 গ্রেড

### যোগ্যতা

- ☐ যেসব শিক্ষার্থী 9 থেকে 12 গ্রেডে নথিভুক্ত বা এনরোল হওয়া প্রয়োজন।
- ☐ যেসব শিক্ষার্থী কমপক্ষে 15 বছর বয়সী এবং কোনও সাম্প্রতিক শিক্ষাগত নথিপত্র নেই তারা হাই স্কুলে এনরোল হতে পারে।

### কীভাবে নথিভুক্ত বা এনরোল হবেন

- নথিভুক্ত বা এনরোল করতে একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে যোগাযোগ করুন। আরও জানতে [schools.nyc.gov/Offices/FWC](https://schools.nyc.gov/Offices/FWC) দেখুন।
- নিম্নোক্ত নথিপত্র প্রস্তুত করবেন:
  - আপনার সন্তানের বয়সের প্রমাণ (জন্ম সনদ বা বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট, অথবা ব্যাপটিজমের রেকর্ড)
  - আপনার সন্তানের টিকাদান বা ইমিউনাইজেশন রেকর্ড (যদি থাকে)
  - আপনার সন্তানের সর্বশেষ রিপোর্ট কার্ড/ট্রান্সক্রিপ্ট (যদি থাকে)
  - ঠিকানার প্রমাণ যাচাইয়ের জন্য দুটি নথি বা ডকুমেন্ট—গ্রহণযোগ্য ডকুমেন্টের উদাহরণের জন্য [on.nyc.gov/RegistrationChecklist](https://on.nyc.gov/RegistrationChecklist) দেখুন

অস্থায়ী আবাসনে বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাসকারী পরিবারদের এনরোল করার জন্য কোনো প্রামাণ্য নথি প্রদান করতে হবে না। এটা আপনার ক্ষেত্রে প্রযোজ্য কিনা তা জেনে নিতে, [schools.nyc.gov/STH](https://schools.nyc.gov/STH) দেখুন।

## 6 সপ্তাহ থেকে 2 বছর বয়সী ছেলেমেয়েদের জন্য বিকল্প খুঁজছেন?

6 সপ্তাহ থেকে 2 বছর বয়সী ছেলেমেয়েদের জন্য সারা বছর প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত পরিষেবা প্রদানকারী বিভিন্ন ইনফ্যান্ট অ্যান্ড টডলার প্রোগ্রাম রয়েছে। যোগ্যতা নির্ভর করে আয় এবং পরিবারের চাহিদার উপর। আরও জানতে [on.nyc.gov/BrightStarts](https://on.nyc.gov/BrightStarts) দেখুন।

## পরবর্তী শিক্ষা বছরের জন্য আবেদন করা?

আপনি যদি আগামী শিক্ষা বছরের জন্য একটি স্কুল খুঁজছেন, তবে আপনি উল্লেখিত গ্রেড স্তরগুলোর জন্য আবেদন প্রক্রিয়া চলাকালে একটি একটি আবেদন জমা দিতে পারেন: 3-K, প্রি-K, কিন্ডারগার্টেন, ষষ্ঠ, এবং নবম গ্রেড। সেই সময়, অনলাইন ডিরেক্টরি এবং আবেদনের পোর্টাল ব্যবহার করতে আপনি [MySchools.nyc](https://MySchools.nyc) ব্যবহার করতে পারেন।

শেষ সময়সীমা এবং কীভাবে ভর্তির আবেদন করতে হবে, সেবিষয়ে সর্ব-সাম্প্রতিক তথ্যের জন্য [schools.nyc.gov/Admissions](https://schools.nyc.gov/Admissions) দেখুন।

